অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লং আইল্যান্ডে চিকিৎসা গবেষণার ক্ষেত্রে পরিবর্তন আনতে এবং জীবন রক্ষাকারী ক্যান্সার চিকিৎসার অগ্রগতির জন্য অত্যাধুনিক সেল ও জিন থেরাপি হাবকে একটি অনুরোধমূলক প্রস্তাব প্রদান করেছেন

নিউ ইয়র্ক স্টেটকে সেল এবং জিন থেরাপিতে জাতীয় নেতা হিসাবে তুলে ধরতে নতুন হাবটি সহায়তা করবে

*নিউ ইয়র্ক স্টেটের কাছে 150 মিলিয়ন **মার্কিন ডলারেও বেশি মেজর লাইফ সায়েন্স হাবের** উন্নয়নকে সহায়তা করার জন্য উপলভ্য রয়েছে*

গভর্নরের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে টু সেল ও জিন থেরাপি হাব প্রতিষ্ঠার জন্য স্টেটের প্রতিশ্রুতি সহ লাইফ সাইন্সের মতো দ্রুত বর্ধনশীল সেক্টরগুলোকে বুস্ট করার জন্য তৈরি করা হয়েছে

প্রস্তাবের অনুরোধটি পাওয়া যাবে এখানে

আজকে গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে নিউ ইর্য়ক পুরো স্টেটে সেল থেরাপি গবেষণা, উন্নয়ন, ক্লিনিকাল উৎপাদন এবং বাণিজ্যিকীকরণকে অনুঘটক করার জন্য লং আইল্যান্ডের নাসাউ কাউন্টিতে একটি অত্যাধুনিক সেল এবং জিন থেরাপি ইনোভেশন হাব এবং একটি সংশ্লিষ্ট ইনকিউবেটর স্থাপন করা হবে। লাইফ সাইন্সের সবচেয়ে বেশি ক্রমবর্ধমান ক্ষেত্রগুলোর মধ্যে একটি হলো সেল এবং জিন থেরাপি যেটি ক্যান্সার ও অন্যান্য জটিল রোগের চিকিৎসাকে আমূল বদলে দেবার সম্ভাবনা রাখে এবং রোগ নিরাময়ে এমন ভূমিকা রাখতে পারে যেটি জেনেটিক রোগসমূহের মূল কারণকে দূরীকরণে দারুণ একটি ফলাফল দেখিয়েছে। হাবটি নিউ ইয়র্কে এই যুগান্তকারী নতুন থেরাপির উন্নয়ন এবং বাণিজ্যিকীকরণের জন্য একেবারেই নতুন এবং সবচেয়ে উন্নত প্রযুক্তি নিয়ে আসবে।

"এই লং আইল্যান্ড হাবটি সেল এবং জিন থেরাপিতে নিউ ইয়র্কের ব্যাপ্তি প্রসারিত করতে সাহায্য করবে এবং এটি ওষুধের এমন একটি ক্রমবর্ধমান নতুন ক্ষেত্র যা পরিবর্তনকারী, জীবন রক্ষাকারী চিকিৎসার পথকে প্রশস্ত করছে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক ভালো বেতনের চাকরির ক্ষেত্র তৈরি করতে, অসংখ্য নিউ ইয়র্কবাসীর জীবনমান উন্নত করতে এবং আমাদের

স্টেটে ওষুধের একটি দারুণ ভবিষ্যত নিয়ে আসতে লেক সাকসেস থেকে লেক ইরি পর্যন্ত লাইফ সাইন্সে আবিষ্কারের কাজটি চালিয়ে যাচ্ছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "লং আইল্যান্ড হাবটি আমাদের স্টেটব্যাপী সেল এবং জিন থেরাপি ইকোসিস্টেমকে প্রসারিত করার জন্য এবং আমাদের দারুণ রির্সাচ ইউনিভার্সিটিগুলো এবং বেসরকারি সেক্টর জুড়ে সহযোগিতা সহজতর করতে আমাদের প্রচেষ্টার জন্য গুরুত্বপূর্ণ। এই নতুন হাবটি সক্ষমতা ও অর্থনৈতিক সম্ভাবনার ক্ষেত্রে অতুলনীয় হবে এবং এটি সেল ও জিন থেরাপি গবেষণা, উন্নয়ন এবং রোগীর পরিষেবার জন্য নেতৃস্থানীয় কেন্দ্র হিসেবে নিউ ইয়র্ক স্টেটকে প্রতিষ্ঠা করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) ডেভেলপারদের প্রায় 200,000 বর্গফুটের এই ফ্যাসিলিটি নির্মাণ এবং পরিচালনা করার জন্য প্রস্তাব জানিয়ে একটি অনুরোধ পত্র ইস্যু করেছে যেটাতে হাবটি যে 15 একর জমিতে অবস্থিত সেখানে ভবিষ্যতে সম্প্রসারণের সুবিধার কথাও বলা হয়েছে। ESD 150 মিলিয়ন ডলার পর্যন্ত এই অবকাঠামোর উন্নয়নে বিনিয়োগ করবে এবং এই অর্থায়ন অন্যান্য অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচি থেকে অতিরিক্ত আর্থিক সহায়তা দ্বারা পরিপূরক হতে পারে। সাইট পরিদর্শনের তারিখ সহ অন্যান্য আরো তথ্য RFP এ পাওয়া যায় এবং জমা দেওয়ার শেষ তারিখ হলো 12 মার্চ, 2024।

সেল ও জিন থেরাপির উন্নয়নকে এগিয়ে নিয়ে যাওয়া ছাড়াও হাবটি স্টার্টআপ ব্যবসা তৈরি করা, নিউ ইয়র্কের বাইরের কোম্পানিগুলোর দৃষ্টি আকর্ষণ, মেধা, চাকরি বৃদ্ধি এবং ক্লাস্টার উন্নয়ন সহ অতুলনীয় অর্থনৈতিক উন্নয়নের সুযোগ তৈরি করবে।

হাবটি সেল ও জিন থেরাপি ডেভেলপারদের প্রয়োজনীয় পরিষেবা এবং প্রযুক্তির নেতৃস্থানীয় সরবরাহকারীদের থাকার ব্যবস্থা করবে যারা এই চিকিৎসাগুলো প্রস্তুত করে বাজারে নিয়ে আসবে। অবশেষে হাবটি এই চিকিৎসাসমূহকে আরো বেশি রোগীর কাছে আরো দ্রুততার সাথে পৌছানোর ক্ষেত্রে সক্ষম করে তুলবে। লং আইল্যান্ড হাব প্রাথমিক পর্যায়ের থেরাপিউটিক ডেভেলপারদের বৈজ্ঞানিক আবিষ্কারকে ফেজ 1 ক্লিনিকাল ট্রায়ালে রুপান্তরিত করে সুবিধার সাফল্যকে আরো বাড়িয়ে তোলার জন্য একটি নির্ধারিত ব্যবসায়িক ইনকিউবেশন স্পেস অন্তর্ভুক্ত করবে। ইনকিউবেটরটি ফ্যাসিলিটির ব্যবহার এবং নেটওয়ার্কিং, মেন্টরশিপ এবং ভেঞ্চার ক্যাপিটাল ফার্ম এবং অন্যান্য বিনিয়োগকারীদের সাথে সংযোগ গড়ে তোলার মতো প্রস্তাব দিয়ে এই ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ের প্রতিশ্রুতিশীল ব্যবসায়কে সহায়তা করবে।

লং আইল্যান্ড সেল ও জিন থেরাপি হাবটি (Long Island Cell and Gene Therapy Hub) লেক সাকসেস গ্রামে আনুমানিক 15 একর জমিতে নর্থওয়েল হেলথের কাছাকাছি, স্টেটের বৃহত্তম স্বাস্থ্য ব্যবস্থা এবং নিউ ইয়র্ক মেট্রোপলিটন অঞ্চলে কোল্ড স্প্রিং হারবার ল্যাবরেটরি এবং আরো কয়েকটি বিশ্বমানের গবেষণা প্রতিষ্ঠানের কাছাকাছি অবস্থিত হবে।

কেন্দ্রটি নিউ ইয়র্ক সিটি বিশেষ করে কুইন্সের বরো কাছাকাছি যেটি একটি অত্যন্ত বৈচিত্র্যময় এলাকা এবং সেখানে 150টি ভাষায় কথা বলা হয়। লং আইল্যান্ড একটি নতুন বৈচিত্র্যময়

জনসংখ্যাকে ক্লিনিকাল ট্রায়ালগুলোতে অংশগ্রহণের জন্য অতুলনীয় অ্যাক্সেস অফার করে। সেল ও জিন থেরাপি যা ব্যক্তি বা ব্যক্তির নির্দিষ্ট গোষ্ঠীর জন্য পারসোনালাইজ করা সেটার মতো একটি চিকিৎসার যথাযথ মূল্যায়ন নিশ্চিত করার জন্য ট্রায়াল অংশগ্রহণকারীদের বৈচিত্র্যতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সেল ও জিন থেরাপির উন্নয়নে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক দারুণ একটা পর্যায়ে আছে যা রোগ সৃষ্টিকারী সেলগুলোকে মেরামত করার জন্য বা টিউমারকে নির্মূল করার জন্য পুনরায় প্রোগ্রাম করা পেসেন্ট সেল তৈরি করে ক্যান্সারের মতো রোগকে সারিয়ে তোলে। এই স্টেটটি বর্তমানে ন্যাশনাল ইনস্টিটিউট অব হেলথ এর অনুদান, পেটেন্টের সংখ্যা এবং সেল ও জিন থেরাপি ক্লিনিকাল ট্রায়ালের বিবেচনায় শীর্ষ তিনটির মধ্যে অবস্থান করছে। এটি সেল ও জিন থেরাপি উন্নয়নের উপর ফোকাস করে প্রচুর সুযোগ-সুবিধা লাভ করে।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে সমৃদ্ধি এবং উদ্ভাবনকে সহায়তার অব্যাহত প্রচেষ্টার অংশ হিসেবে তার 2023 স্টেট অব দ্য স্টেট ভাষণে দুটি সেল ও জিন থেরাপি হাব, একটি আপস্টেট এবং একটি ডাউনস্টেটে তৈরির ঘোষণা দিয়েছেন। এই খাতে নেতৃত্ব দেওয়ার জন্য নিউ ইয়র্কের যাতে প্রয়োজনীয় মেধা ও অবকাঠামো উভয়টি থাকে তা নিশ্চিত করার জন্য প্রতিটি সেন্টার অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো, প্রযুক্তি ও পরিষেবাসমূহের সঙ্গে সহ-অবস্থানে থাকবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এর বোর্ড চেয়ারম্যান কেভিন ল বলেন, "লং আইল্যান্ড সেল অ্যান্ড জিন থেরাপি ইনোভেশন হাব প্রতিষ্ঠার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট এক ছাদের নীচে গবেষণা, উন্নয়ন, উৎপাদন এবং বাণিজ্যিকীকরণকে একত্রিত করবে এবং লাইফ সাইন্সে বিশ্বব্যাপী নেতা হিসাবে লং আইল্যান্ডের ভূমিকাকে শক্তিশালী করবে। এই ঐতিহাসিক বিনিয়োগ যা সম্ভব তার সীমানা অতিক্রম করবে, কর্মসংস্থান সৃষ্টি করবে এবং জীবন রক্ষাকারী থেরাপি সরবরাহের জন্য উদ্ভাবন এবং প্রভাবকে সেতুবন্ধন করবে।"

নর্থওয়েল হেলথ প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মাইকেল ডাউলিং বলেন, "লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ককে সেল ও জিন থেরাপির জন্য একটি নেতৃস্থানীয় কেন্দ্র হিসাবে গড়ে তোলার জন্য গভর্নর হোকলের দৃষ্টিভঙ্গিকে সমর্থন করায় এবং এর অংশ হতে পেরে আমরা উচ্ছ্বসিত এবং নর্থওয়েল লং আইল্যান্ডে এই অত্যাধুনিক ফ্যাসিলিটি আনতে ভূমিকা পালন করায় আমরা উচ্ছ্বসিত। এই অত্যাধুনিক হাবটি ক্যান্সার গবেষক, উদ্ভাবনী সংস্থা, চিকিৎসক ও রোগীদের জন্য একটি গেম চেঞ্জার হবে এবং নতুন সেল ও জিন থেরাপির সহযোগিতা এবং বাণিজ্যিকীকরণকে উৎসাহিত করবে। লং আইল্যান্ড, নিউ ইয়র্ক স্টেট এবং এর বাইরেও আমরা এর ইতিবাচক প্রভাবের অপেক্ষায় রয়েছি।"

পার্কার ইনস্টিটিউট ফর ক্যান্সার ইমিউনোথেরাপির প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা জন কনোলি, পিএইচডি বলেন, "গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট সেল ও জিন থেরাপির ভবিষ্যতে একটি উল্লেখযোগ্য বিনিয়োগ করেছে যা অবশ্যই নতুন থেরাপির বিকাশ এবং অনেক নতুন ও গুরুত্বপূর্ণ সংস্থার বৃদ্ধিকে উৎসাহিত করবে। CGT থেরাপিকে ত্বরান্বিত করে, লং আইল্যান্ডের এই পরবর্তী প্রজন্মের হাবটি কেবল নিউ ইয়র্কেই নয়, বিশ্বব্যাপী রোগীর ফলাফলের উপর নাটকীয় প্রভাব ফেলবে।"

কোল্ড স্প্রিং হারবার ল্যাবরেটরির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ব্রুস স্টিলম্যান, পিএইচডি বলেন, "লং আইল্যান্ডে নিউ ইয়র্ক স্টেট সেল ও জিন থেরাপি উদ্যোগটি এই অঞ্চলের বায়োমেডিকেল গবেষণা উদ্যোগের জন্য সর্বাধিক সাদরে গৃহীত সংযোজন হবে এবং কোল্ড স্প্রিং হারবার ল্যাবরেটরি CGT উদ্যোগের সাথে অংশীদারিত্বের জন্য অপেক্ষায় রয়েছে। এই উত্তেজনাপূর্ণ গবেষণা সম্প্রসারণে অগ্রণী ভূমিকা রাখার জন্য আমরা গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ জানাই।"

স্যান্ড্রা এবং এডওয়ার্ড মেয়ার ক্যান্সার সেন্টার, ওয়েইল কর্নেল মেডিসিন মেয়ারের পরিচালক জেড ডি. ওলক, এমডি, পিএইচডি বলেন, "আমরা কৃতজ্ঞ যে গভর্নর হোকল এবং স্টেট এমন একটি হাবে বিনিয়োগ করছে যা নিউ ইয়র্কে CGT গবেষণা, উন্নয়ন, ক্লিনিকাল উত্পাদন এবং বাণিজ্যিকীকরণকে অনুঘটক করবে। আমাদের কেন্দ্রে, আমরা CGT গবেষণা এবং যুগান্তকারী আবিষ্কারের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করছি যা ক্যান্সার সৃষ্টিকারী আণবিক ইভেন্টগুলো সম্পর্কে আমাদের বোঝার উন্নতি করে। আমরা এই অংশীদারিত্বের অপেক্ষায় রয়েছি যা ক্যান্সার প্রতিরোধ, চিকিত্সা এবং নিরাময়ের জন্য আরো পদ্ধতির দিকে পরিচালিত করবে।"

কলম্বিয়া ইউনিভার্সিটি ইরভিং মেডিকেল সেন্টারের প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাটরিনা আর্মস্ট্রং, এমডি বলেন, "সেল ও জিন থেরাপির সম্ভাবনাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এবং নিউ ইয়র্ককে এই ক্ষেত্রে নেতা হিসাবে গড়ে তোলার জন্য প্রয়োজনীয় রিসোর্সগুলো প্রতিশ্রুতিবদ্ধ করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করা উচিত। আমরা স্টেটের অসামান্য অ্যাকাডেমিক মেডিকেল সেন্টারগুলোর সাথে একত্রিত হওয়ার এবং বিভিন্ন অসুস্থতার রোগীদের জন্য এই জাতীয় মহান প্রতিশ্রুতি রেখে এই চিকিৎসাসমূহ বিকাশের সুযোগ গ্রহণ করি।"

রোজওয়েল পার্ক কমপ্রিহেনসিভ ক্যান্সার সেন্টারের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং M&T ব্যাংকের প্রেসিডেন্সিয়াল চেয়ার ইন লিডারশিপ ক্যান্ডাস এস. জনসন, পিএইচডি বলেন, "সেল ও জিন থেরাপির উন্নয়ন, উৎপাদন এবং বাণিজ্যিকীকরণকে সমর্থন করে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেটে প্রতিভাবান লাইফ সাইন্স উদ্ভাবকদের প্রদর্শনের সম্ভাবনা বাড়িয়ে তোলে এবং আরো গতি ও কার্যকারিতার সাথে রোগীদের কাছে পরবর্তী প্রজন্মের থেরাপি সরবরাহ করার আমাদের ক্ষমতাকে শক্তিশালী করে। রোজওয়েল পার্কের GMP ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সেল ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটির সম্প্রসারণকে ত্বরান্বিত করতে ESD এর সহায়তা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে এবং লং আইল্যান্ড সেল ও জিন থেরাপি হাব সেল এবং জিন থেরাপির দ্রুত বিকাশের পথ আরো প্রশস্ত করবে।"

অ্যাসেম্বলি মেম্বার জিনা সিলিটি বলেন, "লং আইল্যান্ড গবেষণা এবং উদ্ভাবনে একটি নেতা হয়ে উঠেছে এবং এটি আমার ডিস্ট্রিক্টে আরেকটি উল্লেখযোগ্য স্টেটের বিনিয়োগ। 150 মিলিয়ন মার্কিন ডলারের অনুদানের ফলে ভালো চাকরি আসবে যা সরাসরি আমাদের স্থানীয় অর্থনীতিকে

উপকৃত করবে। এই গুরুত্বপূর্ণ তহবিলের জন্য আবারো লং আইল্যান্ডকে বেছে নেওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

নিউ ইয়র্কে একটি বিশ্বমানের লাইফ সাইন্স গবেষণা ক্লাস্টারের বিকাশ শুরু করার জন্য এবং একইসাথে এই গবেষণাকে বাণিজ্যিকীকরণ করে অর্থনীতির প্রবৃদ্ধি করতে স্টেটের ক্ষমতাকে সম্প্রসারিত করার জন্য নকশা করা নিউ ইয়র্ক স্টেট 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সাইন্স ইনিশিয়েটিভের অংশ এই NYFIRST অনুদান কর্মসূচি। বহুমাত্রিক উদ্যোগটিতে রয়েছে স্টেটে নতুন লাইফ সাইন্স প্রযুক্তি আকৃষ্ট করা, উদীয়মান লাইফ সাইন্স ক্ষেত্রসমূহে অতি গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগের প্রচার করা এবং পুরো নিউ ইয়র্কে লাইফ সাইন্স সম্পর্কিত ব্যবসা ও চাকরি তৈরি ও বিস্তার করার কৌশলী কর্মসূচির জন্য 320 মিলিয়ন মার্কিন ডলার। নিউ ইয়র্ক স্টেটের লাইফ সাইন্স উদ্যোগের কৌশলগত পরিকল্পনা এখানে পড়ুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন